**Website: www.bb.org.bd**

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২**

বিআরপিডি-২ সার্কুলার লেটার নং-০১

১১ ফাল্গুন ১৪৩২
তারিখ: -----------------------
২৪ ফেব্রুয়ারি ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংকের পরিচালন ব্যয়হ্রাসকল্পে বিলাসবহুল যানবাহন, আড়ম্বরপূর্ণ সাজসজ্জা এবং অন্যান্য ক্ষেত্রে উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৮ তারিখ: ২০ আগস্ট ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারের ২(ক) অনুচ্ছেদ মোতাবেক ৫০.০০ লক্ষ টাকার অধিক মূল্যে মোটরকার (Sedan) এবং ১ (এক) কোটি টাকার অধিক মূল্যে জীপ (Sport Utility Vehicle) ব্যাংক-কোম্পানীর অর্থে ক্রয় করা যাবে না।

০৩। এক্ষণে, এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, পর্ষদ চেয়ারম্যান ও প্রধান নির্বাহীর জন্য সর্বোচ্চ ৫০.০০ লক্ষ টাকা মূল্যে যে কোনো ধরনের মানসম্মত আধুনিক মোটরকার এবং সর্বোচ্চ ১ (এক) কোটি টাকার মূল্যে যে কোনো ধরনের মানসম্মত আধুনিক জীপ বা ইলেকট্রিক মোটরকার/মাইক্রোবাস ব্যাংক-কোম্পানীর অর্থে ক্রয় করা যাবে। এছাড়া, ব্যাংক-কোম্পানীর Remittance বহনের কাজে বিভিন্ন নিরাপত্তা সংস্থা কর্তৃক ব্যবহৃত নিরাপত্তা-যানবাহনের অনুরূপ গাড়ি ক্রয় করা যাবে।

০৪। বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮/২০১৯ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৮/২০২২-এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

Karima

(জেবুন্নেছা করিমা)
পরিচালক (বিআরপিডি-২)(চলতি দায়িত্বে)
ফোন-৯৫৩০০২৮